

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল -১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০১.২৪- ২৭০

তারিখঃ ১৩ পৌষ ১৪৩২
২৮ ডিসেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (সাবেক জননিরাপত্তা বিভাগ) অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের 'জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন)' (৬ষ্ঠ গ্রেড)-এর ০১ টি পদ নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিএসসি'র সুপারিশের আলোকে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড) বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে 'জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন)' পদে নিয়োগ প্রদান করা হলো:


নং	সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	জেলা
১	মোঃ মনোয়ারুল আলম MD. MONOARUL ALAM	000050	Kishoreganj

শর্তাবলি:

- যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;
 - শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপনান্তে চাকুরিতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;
 - সরকারি বিধি মোতাবেক ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
 - চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি-বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে;
 - এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;
 - চাকুরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
 - The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে এবং
 - চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।
২. উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য হলে তাকে ০১-০১-২০২৬ খ্রি. তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সশরীরে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখে যোগদান না করলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩. জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব

ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০


E-mail: medical1@moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০১.২৪-

তারিখঃ ১৩ পৌষ ১৪৩২
২৮ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৬। উপসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)
- ৭। সিনিয়র সচিব-এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১২। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। জনাব


২৫-১১-১৫
মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব